

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৬১৪

ا كتاب الأذان) ٥٥/ वायान

পরিচ্ছেদঃ ১০/৮. আযানের দু'আ।

بَابِ الدُّعَاءِ عِنْدَ النِّدَاءِ.

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَيَّاشٍ، قَالَ حَدَّثَنَا شُعَيْبُ بْنُ أَبِي حَمْزَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ قَالَ حِينَ يَسْمَعُ النِّدَاءَ اللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ وَالصَّلاَةِ الْقَائِمَةِ آتِ مُحَمَّدًا الْوَسِيلَةَ وَالْفَضِيلَةَ وَالْفَضِيلَةَ وَابْعَتْهُ مَقَامًا مَحْمُودًا الَّذِي وَعَدْتَهُ، حَلَّتْ لَهُ شَفَاعَتِي يَوْمَ الْقِيَامَةِ ".

বাংলা

৬১৪. জাবির ইবনু 'আবদুল্লাহ্ (রাযি.) হতে বর্ণিত। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আযান শুনে দু'আ করেঃ 'হে আল্লাহ্-এ পরিপূর্ণ আহবান ও প্রতিষ্ঠিত সালাতের মালিক, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে ওয়াসীলা ও সর্বোচ্চ মর্যাদার অধিকারী করুন এবং তাঁকে সে মাকামে মাহমুদে পৌঁছে দিন যার অঙ্গীকার আপনি করেছেন'-কিয়ামতের দিন সে আমার শাফা'আত লাভের অধিকারী হবে।* (৪৭১৯) (আধুনিক প্রকাশনীঃ ৫৭৯, ইসলামিক ফাউন্ডেশনঃ ৫৮৭)

English

Narrated Jabir bin `Abdullah:

Allah's Messenger () said, "Whoever after listening to the Adhan says, 'Allahumma Rabba hadhihi-dda` watit-tammah, was-salatil qa'imah, ati Muhammadan al-wasilata wal-fadilah, wa b`ath-hu maqaman mahmudan-illadhi wa`adtahu' [O Allah! Lord of this perfect call (perfect by not ascribing partners to You) and of the regular prayer which is going to be established, give Muhammad the right of intercession and illustriousness, and resurrect him to the best and the highest place in Paradise that You promised him (of)], then my intercession for him will be allowed on the Day of



Resurrection".

ফুটনোট

* আযানের জওয়াবে কয়েকটি বিষয় বাড়তিভাবে চালু হয়েছে, যা থেকে বিরত থাকা উচিত। কারণ, রসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম কঠোরভাবে হুঁশিয়ার করে দিয়েছেনঃ "যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে আমার নামে মিথ্যারোপ করলো, সে জাহান্নামে তার ঠিকানা করে নিল ।" (বুখারী, মিশকাত ১৯৮ 'ইলম অধ্যায়)

অত্র হাদীসের শেষাংশে 'ইয়াকা লা তুখলিফুল মী'আদ। (২) বায়হাকীতে (১ম খণ্ডের ৪১০ পৃঃ) বর্ণিত আযানের দু'আর শুরুতে 'আল্লাহুন্মা ইয়ী আস-আলুকা বি হাক্কি হা-যিহিদ দা'ওয়াতে। (৩) ইমাম তাহাভীর শারহু মা'আনিল আসার-এ বর্ণিত 'আ-তি সাইয়্যিদিনা মুহাম্মাদান। (৪) ইবনুস সুয়ীর 'ফী 'আমলিল ইয়াওমি ওয়াল লায়লাহ' গ্রন্থে ওয়াদ দারাজাতার রাফী'আহ। রাফী'ঈ প্রণীত 'আল মুহাররির গ্রন্থে আযানের দু'আর শেষে বর্ণিত 'ইয়া আরহামার রা-হিমীন। আযানের জওয়াবে প্রচলিত বাড়তি বিষয়গুলো অবশ্যই পরিত্যাজ্য। অতিরিক্ত শব্দগুলো সহীহ সূত্রে প্রমাণিত নয়। (মুহাদ্দিস শাইখ নাসিরুদ্ধীন আলবানী কৃত 'ইরওয়াইল গালীল, ১ম খণ্ড ২৬০-২৬১ পৃষ্ঠা হাদীস নং ২৪৩) রেডিও ও বাংলাদেশ টেলিভিশন থেকে প্রচারিত দু'আয় 'ওয়ারযুকনা শা'আতাহূ ইয়াওমাল কিয়ামাহ' বাক্যটি যা যোগ করা হয়েছে তার কোন ভিত্তি নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন